আমাদেরসময়

তারিখ: 24 NOV 2015
পৃষ্ঠা: ১২ কলাম: ২

আপিল বিভাগের রায়

# শিক্ষার্থী চাইলে নম্বরপত্র দিতে হবে বোর্ডকে

নিজস্ব প্রতিবেদক ●
কোনো শিক্ষার্থী চাইলে শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের নম্বরপত্র (মার্কশিট) দিতে হবে বলে রায় দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এই মর্মে হাইকোর্টের দেওয়া আদেশ বহাল রেখে এবং রাষ্ট্রপক্ষের আপিল খারিজ করে গতকাল সোমবার আপিল বিভাগ এ রায় দেন। রিটের পক্ষে আদালতে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট একেএম সালাহউদ্দিন খান।

নম্বরপত্র প্রদানের বাধ্যবাধকতা-সংক্রান্ত বিষয়ে হাইকোর্টের রায়ের পূর্ণাঙ্গ এরপর পৃষ্ঠা ৬, কলাম ১

## শিক্ষার্থী চাইলে

(শেষ পৃষ্ঠার পর) অনুলিপিও প্রকাশিত হয়েছে। রায়ে বলা হয়, কেউ চাইলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের নম্বর ফর্দ (মার্কশিট) দিতে হবে শিক্ষা বোর্ডকে। এ ছাড়া এ বিষয়ে হাইকোর্টে আবেদনকারী নাফিস সালমান খানের এইচএসসির মার্কশিট রায় পাওয়ার ৩০ দিনের মধ্যে দিতে নির্দেশ দেন আদালত। ২০০১ সালের ১২ মার্চ শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করে। তাতে বলা হয়, সরকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে পাবলিক পরীক্ষার ফল লেটার গ্রেডিং পদ্ধতিতে প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে। এ লক্ষ্যে ২০০১ সালের অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ও ২০০৩ সালে অনুষ্ঠেয় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা থেকে ফল লেটার গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত হবে। মন্ত্রণালয় এ বিষয়ে কয়েকটি সিদ্ধান্ত অনুসরণ করতে বলে– ক. পরীক্ষায় উত্তীর্ণদের কোনো বিভাগ থাকবে না। শুধু প্রতি বিষয়ে প্রাপ্ত লেটার গ্রেড ও সব বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্টের (জিপি) ভিত্তিতে পরীক্ষার্থীর গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ) উল্লিখিত থাকবে। লেটার মার্ক ও স্টার মার্ক এবং মেধাতালিকা প্রণয়ন বা প্রকাশের প্রচলিত প্রথা থাকবে না।